# উইকিমিডিয়া ফাউন্ডেশনের বাংলা উইকিপিডিয়া প্রকল্প

একটি ভূমিকা

উপস্থাপক: জয়ন্ত নাথ

# উইকিপিডিয়া কী?

উইকিপিডিয়া হল একটি ওয়েব-ভিত্তিক বহু-ভাষীক মুক্ত অনলাইন বিশ্বকোষ যা এই বিশ্বের লক্ষ লক্ষ স্বেচ্ছাপ্রণোদিত অবদানকারীদের দ্বারা লিখিত । যে কেউ এখানে অবদান রাখতে পারেন বা সম্পাদনা করতে পারেন।

বর্তমানে ইংরেজি উইকিপিডিয়া সবচেয়ে বড় উইকিপিডিয়া যেখানে ৩৪ লক্ষ নিবন্ধ আছে। (পক্ষান্তরে ২০০২ সালের ব্রিটানিকায় ৬৫ হাজার ও অনলাইন সংরক্ষনে ১ লক্ষ ২০ হাজার নিবন্ধ আছে) উইকিপিডিয়া প্রকল্প বর্তমানে ভারতীয় ২০টি ভাষাসহ বিশ্বের প্রায় ২৭৫ ভাষায় আছে। উইকিপিডিয়ার প্রতিটি নিবন্ধ অনেক স্বেচ্ছাসেবকদের সমবেত সম্পাদনার ফলে তৈরি হয়েছে।

# উইকি কী?

“উইকি” শব্দটি এসেছে হাওয়াইয়ান ভাষা **wiki** থেকে, ঐ ভাষায় যার অর্থ "দ্রুত" বা (quick)। উইকি মানে হচ্ছে এমন ধরনের ওয়েবসাইট যা খুব সহজে এবং দ্রুত তৈরি করা যায় এবং যাতে যে কেউ অবদান রাখতে পারে। অন্য অর্থে উইকি মানে এমন সফটওয়্যার যা বিভিন্ন মানুষের সহযোগিতার মাধ্যমে কাজ করে। বিশিষ্ট অর্থে ওয়েবসাইট-এর জন্যই এর ব্যবহার।

# উইকি ও উইকিপিডিয়া এক নয়

উইকি ও উইকিপিডিয়া এক নয় অথবা উইকি উইকিপিডিয়ার আর একটি নামও নয়।

যেহেতু উইকি সফটওয়্যার সহযোগিতামূলক কাজ করার সবথেকে ভালো টুল, তাই উইকিপিডিয়া ,একটি ইন্টারনেটের মুক্ত অনলাইন বিশ্বকোষ, এই উইকি সফটওয়্যার ব্যবহার করে। এইটিই উইকি ও উইকিপিডিয়ার মধ্যে সম্পর্ক।

উইকিপিডিয়া হল অনেক ওয়েবসাইটের মধ্যে কেবল মাত্র একটি ওয়েবসাইট যেখানে উইকি সফটওয়্যার ব্যবহার করা হয়েছে।

কিন্তু যেহেতু উইকিপিডিয়া সবথেকে বড় ও জনপ্রিয় উইকি সাইট তাই অনেক মানুষ অনুমান করে নেন যে উইকি মানে উইকিপিডিয়া। কিন্তু যা ঠিক নয়।

# উইকিমিডিয়া ফাউন্ডেশন

কি: উইকিমিডিয়া ফাউন্ডেশন একটি আন্তর্জাতিক অলাভজনক প্রতিষ্ঠান। এর প্রধান কার্যালয় মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যের সান ফ্রান্সিস্কো শহরে। প্রাথমিকভাবে প্রতিষ্ঠানটির কার্যক্রম ফ্লোরিডাতে শুরু করা হয় এবং সেই রাজ্যের আইন অনুযায়ী এটি প্রতিষ্ঠা করা হয়েছিল। জুলাই ২০, ২০০৩ সালে উইকিপিডিয়ার সহপ্রতিষ্ঠাতা জিমি ওয়েলস আনুষ্ঠানিকভাবে উইকিমিডিয়া প্রতিষ্ঠার ঘোষনা করেন।

উদ্দেশ্য: উইকিমিডিয়া ফাউন্ডেশনের মূল উদ্দেশ্য মুক্ত উপাদান বা লেখন তৈরি করা, তা রক্ষণাবেক্ষণ করা, বিভিন্ন উইকিমিডিয়া প্রকল্পগুলির মধ্যে মুক্তভাবে বিতরণ করা। উইকিমিডিয়া ফাউন্ডেশন অঙ্গিকার বদ্ধ হয়েছে এইভাবে যে প্রতি মানুষ যেন এই বিশ্বের সকল জনগণের জ্ঞান ভান্ডারকে মুক্ত ভাবে গ্রহন করতে পারেন।

প্রকল্প: উইকিমিডিয়া ফাউন্ডেশন ইন্টারনেট ভিত্তিক বেশকিছু সমন্বিত উইকি প্রকল্প পরিচালনা করে থাকে। এর মধ্যে রয়েছে উইকিপিডিয়া, উইকশনারী, উইকিউক্তি, উইকিবই (উইকিজুনিয়র সহ), উইকিসোর্স, উইকিমিডিয়া কমন্স, উইকিপ্রজাতি, উইকিসংবাদ, উইকিবিশ্ববিদ্যালয়, উইকিমিডিয়া ইনকিউবেটর এবং মেটাউইকি. প্রকল্পগুলির মধ্যে অন্যতম প্রধান ইংরেজি উইকিপিডিয়া, বিশ্বব্যাপি সর্বাধিক ভিজিট করা প্রথম ১০টি সাইটের একটি ।

# আমরা কি করছি?

উইকিপিডিয়া
একটি মুক্ত বিশ্বকোষ

এমন একটা পৃথিবী কল্পনা করুন যেখানে এই বিশ্বের প্রতিটি মানুষ সকল মানবজাতীর মিলিত জ্ঞানভান্ডারে মুক্ত ভাবে প্রবেশ করতে পারেন

আমরা এই কাজটি করে চলেছি

# অনেক ভাষার উইকিপিডিয়া

উইকিপিডিয়া শুধুমাত্র ইংরেজি ভাষায় নয়, ভারতীয় ২০টি ভাষাসহ বিশ্বের প্রায় ২৭৫ ভাষায় আছে।

এমনকি উইকিপিডিয়া অনেক মৃত ভাষায় পাওয়া যায়, যেমন লাতিন, সংস্কৃত,পালি ইত্যাদি। এইভাবে আমরা অনেক মৃত ভাষাকে উইকিপিডিয়ার মাধ্যমে নতুন করে ব্যবহার শুরু করেছি।

উইকিমিডিয়া ফাউন্ডেশনের এমনই একটি প্রকল্প বাংলা উইকিপিডিয়া । এছাড়া অন্য সহ প্রকল্প উইকিসংকলন, উইকিবই,উইকিঅভিধান, বাংলা ভাষায় বর্তমান।

# উইকিপিডিয়ার জন্ম

ইংরেজি উইকিপিডিয়া প্রথম উইকিপিডিয়া এবং এইটি ১৫ই জানুয়ারি ২০০১ সালে শুরু হয়।

ইংরেজি উইকিপিডিয়া সকল ভাষার মধ্যে সবচেয়ে বৃহৎ উইকিপিডিয়া। প্রথম বছরেই ২০ হাজার নিবন্ধ পার করেছিল। বর্তমানে ইংরেজি উইকিপিডিয়া সবচেয়ে বড় উইকিপিডিয়া যেখানে ৩৪ লক্ষ নিবন্ধ আছে।

জার্মান উইকিপিডিয়া নিবন্ধ সংখ্যার দিক দিয়ে দ্বিতীয়। জার্মান উইকিপিডিয়া ২০০১ সালের ১৬ই মার্চ শুরু হয়েছিল। এবং কয়েক মাসের মধ্যেই ফরাসি,ডাচ, চাইনিজ,হিব্রু,ইতালী,রাশিয়ান ইত্যাদি ভাষায় শুরু করা হয়।

# উইকিপিডিয়ার অবস্থান

| ক্রম | ভাষা | ভাষাভাষির সংখ্যা (কোটি) | নিবন্ধ সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ইংরেজি | ১৫০ | ৩৪ লক্ষ |
| ২ | জার্মান | ১৮ | ১১ লক্ষ |
| ৩ | ফরাসি | ২০ | ১০ লক্ষ |
| ৪ | ইতালি | ৭ | ৭.৫ লক্ষ |
| ৫ | পোলিশ | ৪.৩ | ৭.৪ লক্ষ |
| ৬ | জাপানি | ১৩ | ৭.১ লক্ষ |
| ৭ | স্প্যানিশ | ৫০ | ৬.৭ লক্ষ |
| ৮ | ডাচ | ২.৭ | ৬.৪ লক্ষ |
| ৯ | পর্তুগিজ | ২৯ | ৬.১ লক্ষ |
| ১০ | রাশিয়ান | ২৭.৮ | ৬.০ লক্ষ |

http://stats.wikimedia.org/EN/Sitemap.htm

# ভারতীয় ভাষার উইকিপিডিয়া

যদিও ইংরেজি উইকিপিডিয়া ১৫ই জানুয়ারি ২০০১ সালে শুরু হয়, সেই সালে ভারতীয় কোনো ভাষাতেই উইকিপিডিয়া শুরু করা হয়নি বা যায়নি।

২০০২ সালে জুন মাসে পাঞ্জাবি ও উড়িয়া উইকিপিডিয়া শুরু হয়। একই ভাবে পরে


- মালয়ালম উইকিপিডিয়া - ২০০২ ডিসেম্বর
- ভোজপুরি উইকিপিডিয়া - ২০০৩ ফেব্রুয়ারি
- মারাঠি উইকিপিডিয়া - ২০০৩ মে
- কানাড়া উইকিপিডিয়া - ২০০৩ জুন
- হিন্দি উইকিপিডিয়া - ২০০৩ জুলাই
- তামিল উইকিপিডিয়া - ২০০৩ সেপ্টেম্বর
- তেলুগু ও গুজরাতি উইকিপিডিয়া - ২০০৩ ডিসেম্বর
- বাংলা উইকিপিডিয়া - ২০০৪ জানুয়ারি

বর্তমানে ভারতীয় ২০টি ভাষায় উইকিপিডিয়া রয়েছে।

# বাংলা উইকিপিডিয়া

**http://bn.wikipedia.org**

বাংলা উইকিপিডিয়া ২০০৪ সালের জানুয়ারি মাসে শুরু করা হয়। ২০০৬ সালে মে মাসে ১০০০টি নিবন্ধে মাইলস্টোন পার করে।বর্তমানে বাংলা উইকিপিডিয়ায় ২২ হাজার নিবন্ধের উপর কাজ চলছে।



# ভারতীয় উইকিপিডিয়ার তুলনা

উইকিপিডিয়া
একটি মুক্ত বিশ্বকোষ

- Hindi (हिन्दी ) - ৫৭,৭০০ নিবন্ধ
- Telugu (తెలుగు ) – ৪৬ ৬৩৪ নিবন্ধ
- Marathi (मराठी ) - ৩১,৮০০ নিবন্ধ
- Tamil (தமிழ் ) – ২৬ ২৩০ নিবন্ধ
- Bishnupriya Manipuri (বিষ্ণুপ্রিয়া মণিপুরী) - ২৪৭৪০ নিবন্ধ
- Bengali (বাংলা) -২১ ৯০০ নিবন্ধ
- Gujarati (ગુજરાતી ) – ১৭ ৫৯৪ নিবন্ধ
- Malayalam (മലയാളം ) – ১৫৬৫০ নিবন্ধ
- Nepali (नेपाली ) ১০ ৩০০ নিবন্ধ
- Kannada (ಕನ್ನಡ ) – ৯৭৭৮ নিবন্ধ
- Sanskrit (संस्कृतम् ) - ৩ ৯৯০ নিবন্ধ
- Bihari (भोजपुरी ) ২ ৬৯০ নিবন্ধ
- Pali (पालि ) - ২৩১৭ নিবন্ধ
- Punjabi (ਪੰਜਾਬੀ ) – ১ ৯৪১ নিবন্ধ
- Oriya (▯ ▯ ▯ ) ৬৩৮ নিবন্ধ
- Assamese (অসমীয়া) ৩০৯ নিবন্ধ

# বাংলা উইকিপিডিয়া

মৌখিক ভাষা অনুসারে বাংলা ভাষার অবস্থান ও তার উইকিপিডিয়ার ক্রম


| ক্রম | ভাষা | প্রধান দেশ | মোট দেশ | জনসংখ্যা (কোটি ) | নিবন্ধ সংখ্যার ভিত্তিতে উইকি ক্রম |
|---|---|---|---|---|---|
| ১ | চাইনিজ | চিন | ৩১ | ১২১ | ১২ |
| ২ | স্প্যানিশ | স্পেন | ৪৪ | ৩২.৯ | ৮ |
| ৩ | ইংরেজি | যুক্তরাষ্ট্র | ১১২ | ৩২.৮ | ১ |
| ৪ | আরবী | আরব | ৫৭ | ২২.১ | ২৭ |
| ৫ | হিন্দি | ভারত | ২০ | ১৮.২ | ৫৪ |
| ৬ | বাংলা | বাংলাদেশ | ১০ | ১৮.১ | ৬৩ |

http://www.ethnologue.com/ethno_docs/distribution.asp?by=size
http://en.wikipedia.org/wiki/Wikipedia:Multilingual_statistics

# বাংলা উইকিপিডিয়া

উইকিপিডিয়া
একটি মুক্ত বিশ্বকোষ

**Top Ten Languages in the Internet
2010 - in millions of users**




# বাংলা উইকিপিডিয়া

| TOP 20 COUNTRIES WITH HIGHEST NUMBER OF INTERNET USERS | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| # | Country or Region | Population, 2010 Est | Users Latest Data | % Population (Penetration) | Growth 2000-2010 | % of World Users |
| 1 | China | 1,330,141,295 | 420,000,000 | 31.6 % | 1,766.7 % | 21.4 % |
| 2 | United States | 310,232,863 | 239,893,600 | 77.3 % | 151.6 % | 12.2 % |
| 3 | Japan | 126,804,433 | 99,143,700 | 78.2 % | 110.6 % | 5.0 % |
| 4 | India | 1,173,108,018 | 81,000,000 | 6.9 % | 1,520.0 % | 4.1 % |
| 5 | Brazil | 201,103,330 | 75,943,600 | 37.8 % | 1,418.9 % | 3.9 % |
| 6 | Germany | 82,282,988 | 65,123,800 | 79.1 % | 171.3 % | 3.3 % |
| 7 | Russia | 139,390,205 | 59,700,000 | 42.8 % | 1,825.8 % | 3.0 % |
| 8 | United Kingdom | 62,348,447 | 51,442,100 | 82.5 % | 234.0 % | 2.6 % |
| 9 | France | 64,768,389 | 44,625,300 | 68.9 % | 425.0 % | 2.3 % |
| 10 | Nigeria | 152,217,341 | 43,982,200 | 28.9 % | 21,891.1 % | 2.2 % |
| 11 | Korea South | 48,636,068 | 39,440,000 | 81.1 % | 107.1 % | 2.0 % |
| 12 | Turkey | 77,804,122 | 35,000,000 | 45.0 % | 1,650.0 % | 1.8 % |
| 13 | Iran | 76,923,300 | 33,200,000 | 43.2 % | 13,180.0 % | 1.7 % |
| 14 | Mexico | 112,468,855 | 30,600,000 | 27.2 % | 1,028.2 % | 1.6 % |
| 15 | Italy | 58,090,681 | 30,026,400 | 51.7 % | 127.5 % | 1.5 % |
| 16 | Indonesia | 242,968,342 | 30,000,000 | 12.3 % | 1,400.0 % | 1.5 % |
| 17 | Philippines | 99,900,177 | 29,700,000 | 29.7 % | 1,385.0 % | 1.5 % |
| 18 | Spain | 46,505,963 | 29,093,984 | 62.6 % | 440.0 % | 1.5 % |
| 19 | Argentina | 41,343,201 | 26,614,813 | 64.4 % | 964.6 % | 1.4 % |
| 20 | Canada | 33,759,742 | 26,224,900 | 77.7 % | 106.5 % | 1.3 % |
| TOP 20 Countries | | 4,480,797,760 | 1,490,754,397 | 33.3 % | 417.8 % | 75.8 % |
| Rest of the World | | 2,364,812,200 | 475,760,419 | 20.1 % | 551.2 % | 24.2 % |
| Total World - Users | | 6,845,609,960 | 1,966,514,816 | 28.7 % | 444.8 % | 100.0 % |


# বাংলা উইকিপিডিয়া

**INTERNET TOP 20 COUNTRIES**
**With Highest Number of Users (2010)**




## Internet in Asia - 2009
## …Countries

Internet Top Countries in Asia




Source: www.internetworldstats.com/stats3.htm
Estimated Internet users in Asia 764,435,900 for 2009
Copyright © 2010, Miniwatts Marketing Group

# বাংলা উইকিপিডিয়া

| Top Ten Languages Used in the Web ( Number of Internet Users by Language ) | | | | | |
|---|---|---|---|---|---|
| **TOP TEN LANGUAGES IN THE INTERNET** | **Internet Users by Language** | **Internet Penetration by Language** | **Growth in Internet (2000 - 2010)** | **Internet Users % of Total** | **World Population for this Language (2010 Estimate)** |
| English | 536,564,837 | 42.0 % | 281.2 % | 27.3 % | 1,277,528,133 |
| Chinese | 444,948,013 | 32.6 % | 1,277.4 % | 22.6 % | 1,365,524,982 |
| Spanish | 153,309,074 | 36.5 % | 743.2 % | 7.8 % | 420,469,703 |
| Japanese | 99,143,700 | 78.2 % | 110.6 % | 5.0 % | 126,804,433 |
| Portuguese | 82,548,200 | 33.0 % | 989.6 % | 4.2 % | 250,372,925 |
| German | 75,158,584 | 78.6 % | 173.1 % | 3.8 % | 95,637,049 |
| Arabic | 65,365,400 | 18.8 % | 2,501.2 % | 3.3 % | 347,002,991 |
| French | 59,779,525 | 17.2 % | 398.2 % | 3.0 % | 347,932,305 |
| Russian | 59,700,000 | 42.8 % | 1,825.8 % | 3.0 % | 139,390,205 |
| Korean | 39,440,000 | 55.2 % | 107.1 % | 2.0 % | 71,393,343 |
| TOP 10 LANGUAGES | 1,615,957,333 | 36.4 % | 421.2 % | 82.2 % | 4,442,056,069 |
| Rest of the Languages | 350,557,483 | 14.6 % | 588.5 % | 17.8 % | 2,403,553,891 |
| WORLD TOTAL | 1,966,514,816 | 28.7 % | 444.8 % | 100.0 % | 6,845,609,960 |

# বাংলা উইকিপিডিয়া – বর্তমান অবস্থা

ইন্টারনেটে বাংলা বিশ্বকোষ বাংলা উইকিপিডিয়া লেখার কাজ চলেছে প্রায় ছয় বছর ধরে । এর মধ্যেই কুড়ি হাজারেরও বেশি নিবন্ধ তৈরি করা হয়েছে । কিন্তু এই নিবন্ধের অনেকগুলিই রয়েছে প্রাথমিক অবস্থায় । সেই গুলিকে আরও উন্নতি সাধন করা প্রয়োজন।তাই এই নিবন্ধগুলিকে আরো এগিয়ে নিয়ে যাবার জন্য দরকার স্বেচ্ছাসেবকের । এরমধ্যেই বাংলাদেশ থেকে বহু মানুষ এগিয়ে এসেছেন । কিন্তু খুবই দু:খের বিষয় এই যে পশ্চিমবঙ্গ থেকে স্বেচ্ছাসেবকের সংখ্যা নামমাত্র । আমরা পশ্চিমবঙ্গের মানুষের আমাদের রাজ্যে তথ্যপ্রযুক্তির উন্নতি নিয়ে খুবই গর্ব করি বটে কিন্তু বাংলা ভাষার প্রসারে, বাংলা ভাষার ব্যবহারে, তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষার ব্যবহারে ,বাংলা উইকিপিডিয়ার ব্যাপারে আমরা খুবই পিছিয়ে আছি। এমনকি বিভিন্ন অনলাইন বাংলা পত্রিকা উইনিকোড ব্যবহার করে না।

**একথা মনে রাখতে হবে কেবল মাত্র বাঙ্গালীরাই বাংলা উইকিপিডিয়ার উন্নতি করতে পারেন, তাই আমাদেরই কর্তব্য বাংলা উইকিপিডিয়ার কথা প্রতিটি বাঙ্গালীর কাছে পৌছে দেওয়া।**

# আপনি যদি বাঙ্গালি হন
# তবে
# বাংলা উইকিপিডিয়াকে সমৃদ্ধ করুন

# বাংলা উইকিপিডিয়া সম্প্রদায়

২০০৭ সালে বাংলাদেশের ঢাকা শহরে প্রথম বাংলা উইকিপিডিয়ার মিট-আপ হয়৷ সেই থেকে প্রায় নিয়ম করে সেখানে উইকিপিডিয়ার মিট-আপ হয় চলেছে প্রায় দুই মাস অন্তর৷ বাংলা উইকিপিডিয়ার জন্য সেই ভাবে কোনো মিট-আপ আয়োজন করা যায় নি৷আমরা চেষ্টা করছি যাতে দুই বাংলাকে এক করে এই ধরনের কোনো মিট-আপের আয়োজন করা যায়৷

বাংলাদেশের স্বেচ্ছাসেবকেরা যদি বাংলা উইকিপিডিয়ার উন্নতিতে এগিয়ে আসতে পারেন তাহলে আমরাই বা কেন পিছিয়ে থাকব? তাই আসুন আমরা গঠনমূলক এই প্রজেক্টে অংশগ্রহন করে আমাদের ভবিষ্যৎ সমাজের হাতে তুলে দিই বাংলা ভাষায় এক চমৎকার বিশ্বকোষ।

# উইকিপিডিয়া সহপ্রকল্প

উইকিসংকলন - উন্মুক্ত পাঠাগার
উইকিঅভিধান - অভিধান ও সমার্থশব্দকোষ
উইকিবই - উন্মুক্ত পাঠ্যপুস্তক ও ম্যানুয়ালসমূহ

# উইকিসংকলন - উন্মুক্ত পাঠাগার

উইকিপিডিয়া
একটি মুক্ত বিশ্বকোষ

**http://bn.wikisource.org**

**উইকিসংকলন** একটি অনলাইন পাঠাগার যেখানে মুক্ত প্রকাশনা রয়েছে, যা আমাদের স্বেচ্ছাসেবক কর্তৃক সংগ্রহ এবং রক্ষণাবেক্ষণ করা হয়। বাংলা ভাষার পাঠাগারে বর্তমানে আমাদের **৫,১১৪** টি লেখা রয়েছে।

তাজউদ্দীন আহমদ , কাজী নজরুল ইসলাম, শ্যামাচরণ কবিরত্ন  মহেন্দ্রনাথ গুপ্ত শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ,প্রমথ চৌধুর্ দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, রবীন্দ্রনাথ ঠাকুর রামেন্দ্রসুন্দর ত্রিবেদ্ রমেশচন্দ্র দত্ত ,সত্যেন্দ্রনাথ দত্ত ,কুসুমকুমারী দাশ , অক্ষয়কুমার বড়াল , অমৃতলাল বসু ,জগদীশ চন্দ্র বসু সুকান্ত ভট্টাচার্য দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার দ্বিজেন্দ্রলাল রায় সুকুমার রায় উপেন্দ্রকিশোর রায়চৌধুরী শিবনাথ শাস্ত্রী যোগীন্দ্রনাথ সরকার বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন অতুলপ্রসাদ সেন নবীনচন্দ্র সেন সৈয়দ ঈসমাইল হোসেন সিরাজী মীর মশাররফ হোসেন

# উইকিঅভিধান - অভিধান ও সমার্থশব্দকোষ

উইকিপিডিয়া
একটি মুক্ত বিশ্বকোষ

http://bn.wiktionary.org

একটি মুক্ত অভিধান, যা সবাই সম্পাদনা করতে পারে। বর্তমানে উইকিঅভিধানের ভুক্তি সংখ্যা **৬৫০**।

# উইকিবই - উন্মুক্ত পাঠ্যপুস্তক ও ম্যানুয়ালসমূহ

উইকিপিডিয়া
একটি মুক্ত বিশ্বকোষ

**http://bn.wikibooks.org**

উইকিবই হল উন্মুক্ত বাংলা পাঠ্যবইসমূহের একটি সংকলন। এই বইগুলো যে কেউ সম্পাদনা করতে পারেন। উইকিবইয়ের বাংলা সংস্করণের কাজ শুরু হয়েছিল ২০০৫ সালের জুন মাসে। ৪৫টি ভুক্তির ওপর কাজ চলছে।

উইকিপিডিয়া
একটি মুক্ত বিশ্বকোষ

# ?

# আপনাদের প্রশ্ন

ধন্যবাদ

আপনাদের সঙ্গে বাংলা উইকিপিডিয়ায় দেখা হবে

# বাংলা উইকিপিডিয়া

উইকিপিডিয়া
একটি মুক্ত বিশ্বকোষ

দ্বিতীয় ভাগ

# বাংলা টাইপিং

উইকিপিডিয়া
একটি মুক্ত বিশ্বকোষ

- ফিক্সিড লে-আউট
- ফোনেটিক লে-আউট
- সেমি ফোনেটিক লে-আউট

# বাংলা টাইপিং

উইকিপিডিয়া
একটি মুক্ত বিশ্বকোষ

Ami banglay gan gai

আমি বাংলায় গান গাই

# অভ্র- ভাষা হোক উন্মুক্ত







অভ্র

ভাষা হোক উন্মুক্ত

**অভ্র বাংলা ফোনেটিক কি-বোর্ড লে-আউট**

# ইনস্ক্রিপ্ট বাংলা

- মাইক্রোসফট উইন্ডোজ অপারেটিং সিস্টেমে মাইক্রোসফট উইন্ডোজ এক্সপি (২০০১ সালে প্রকাশিত) ইনস্ক্রিপ্ট বাংলা আছে, যা ইউনিকোড সমর্থন করে।
- পশ্চিমবঙ্গ সরকারের "ভাষা প্রযুক্তি গবেষণা পরিষদ" বৈশাখী প্রকল্প বৈশাখী লিনাক্সে ইনস্ক্রিপ্ট বাংলা টাইপিং আছে।




ইনস্ক্রিপ্ট বাংলা ফিক্সিড কি-বোর্ড লে-আউট

# ইনস্ক্রিপ্ট বাংলা


পশ্চিমবঙ্গ সরকারের "ভাষা প্রযুক্তি গবেষণা পরিষদ" বৈশাখী প্রকল্প বৈশাখী লিনাক্সে ইনস্ক্রিপ্ট বাংলা টাইপিং আছে।




বৈশাখী ইনস্ক্রিপ্ট বাংলা ফিক্সিড কি-বোর্ড লে-আউট

# প্রভাত বাংলা

২০০১ সালে একুশে অর্গ ও অঙ্কুর বাংলা লিনাক্স গ্রুপ বাংলা কি-বোর্ড ফোনেটিক প্রভাত লে-আউট প্রকাশ করেন, যা লিনাক্স ও মাইক্রোসফট উইন্ডোজ অপারেটিং উভয় সিস্টেমে চলে।



প্রভাত বাংলা সেমি ফোনেটিক লে-আউট কি-বোর্ড লে-আউট

# সমাপ্ত